NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of Temporary and Disability Assistance

সাময়িক সহায়তা কর্মসংস্থান পরিষেবা

সাময়িক সহায়তা কর্মসংস্থান পরিষেবা কী?

সাময়িক সহায়তা (Temporary Assistance) প্রাপকদের একটি চাকরি পেতে সহায়তা করার জন্য নিউইয়র্ক স্টেটের সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টগুলি কর্মসংস্থান এবং প্রশিক্ষণ পরিষেবা প্রদান করে থাকে। কর্মক্ষম সহায়তা প্রাপকদের অবশ্যই তাদের চাকুরি করার প্রস্তুতি বাড়াতে এবং চাকুরিতে নিয়োগে সহায়তা কার্যক্রমে জড়িত হতে হবে। উপরন্তু, ফেডারেল এবং স্টেটের মানদণ্ড অনুযায়ী সকল সাময়িক সহায়তা প্রাপকের একটি নির্দিষ্ট অংশকে চাকুরির কার্যক্রমে জড়িত করার শর্ত পূরণ করতে হবে।

কাজের শর্তগুলি কী?

সাময়িক সহায়তাপ্রাপ্ত প্রাপ্তবয়স্কদের, চাকুরির জন্য প্রস্তুত করতে এবং চাকুরি পাওয়ার জন্য, অবশ্যই সপ্তাহে 40 ঘন্টা পর্যন্ত অর্পিত চাকুরি পাওয়ার কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। নিম্নলিখিত কারণে তাদের একটি কর্মসংস্থান মূল্যায়নে অংশগ্রহণ করতে হবে:

- কর্মসংস্থানের লক্ষ্যগুলি স্থির করা;
- চাকুরি পাওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা বাড়াতে সহায়তা করার জন্য চাকরির কার্যক্রম শনাক্ত করা; এবং
- ব্যক্তিটি যাতে অর্পিত চাকুরির কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন তার জন্য শিশু পরিচর্যা বা যাতায়াতের বন্দোবস্তের মতো কোন সহায়তা ডিস্ট্রিক্টকে দিতে হবে তা নির্ধারণ করা।

স্টেটের প্রবিধানে যেভাবে বর্ণিত আছে সেই অনুযায়ী, ব্যক্তিটি কাজের শর্তমুক্ত না হলে, সংশ্লিষ্ট ব্যক্তিকে সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের দেওয়া কর্মসংস্থানের প্রস্তাব গ্রহণ করতে হবে বা চাকরির কার্যক্রমে জড়িত হতে হবে।

অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ঘন্টা সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট দ্বারা, এবং ফেডারেল ও স্টেটের কাজে অংশগ্রহণের শর্তাবলী দ্বারা নির্ধারিত হয়। অংশগ্রহণকারীদের বেতনযুক্ত চাকুরি বা বিনা বেতনের অভিজ্ঞতা সঞ্চয়ের চাকুরির মতো একটি চাকুরি-ভিত্তিক কার্যকলাপে, সাধারণত অন্তত 20 ঘন্টা অংশগ্রহণ করতে হয়।

সাধারণত:

- ছয় বছরের কম বয়সী একটি বাচ্চা থাকা একাকী প্রাপ্তবয়স্ককে অবশ্যই সপ্তাহে অন্তত 20 ঘন্টা থেকে 40 ঘন্টা পর্যন্ত চাকুরির কারক্রমে অংশগ্রহণ করতে হবে।

- ছয় বছরের কম বয়সী একটি বাচ্চা সমেত একজন প্রাপ্তবয়স্ককে অবশ্যই সপ্তাহে অন্তত 30 ঘন্টা থেকে 40 ঘন্টা পর্যন্ত চাকুরির কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

- ছয় বছরের কম বয়সী বা তার থেকে বড় এক বা একাধিক নির্ভরশীল বাচ্চা থাকা একজন প্রাপ্তবয়স্ককে অবশ্যই সপ্তাহে অন্তত 35 থেকে 40 ঘন্টা পর্যন্ত চাকুরির কাজে অংশগ্রহণ করতে হবে।

- যে সকল প্রাপক শারীরিক বা মানসিক অসুস্থতার কারণে কাজ করতে অক্ষম বলে নির্ণীত হয়েছেন তাদের যখন একজন চিকিৎসক কাজ করার সক্ষমতা বৃদ্ধির প্রত্যাশা করে চিকিৎসা করেন তখন একটি নির্দিষ্ট সময় অন্তর মূল্যায়নে, ন্যায্য চিকিৎসা সংক্রান্ত পরিচর্যা, পুনর্বাসন বা চিকিৎসায় অংশগ্রহণ করতে হতে পারে।

গ্রহণযোগ্য চাকুরির কার্যকলাপগুলি কী?

সাময়িক সহায়তা প্রাপকদের বিভিন্ন ধরনের কার্যকলাপে অংশগ্রহণ করতে হতে পারে, যার মধ্যে আছে:

- সরকারী সহায়তা ছাড়া কর্মসংস্থান;
- সরকারী সহায়তাযুক্ত কর্মসংস্থান বা চাকরি করাকালীন প্রশিক্ষণ;
- একটি সরকারি বা অ-মুনাফাভোগী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা;
- চাকুরি অনুসন্ধান;
- চাকুরির জন্য প্রস্তুত হওয়ার প্রশিক্ষণ;
- কমিউনিটি পরিষেবা;
- বৃত্তিমূলক শিক্ষার প্রশিক্ষণ;
- একজন কমিউনিটি পরিষেবার অংশগ্রহণকারীর জন্য শিশু পরিচর্যা;
- চাকুরির দক্ষতার প্রশিক্ষণ; এবং/অথবা
- উচ্চ বিদ্যালয়, একটি উচ্চ বিদ্যালয়ের সমতুল, বা কলেজে পড়াসহ শিক্ষা।

একজন ব্যক্তিকে একটি অর্পিত চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করার জন্য সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টগুলিকে তার প্রয়োজনীয় যেকোনো শিশু পরিচর্যা বা যাতায়াতের বন্দোবস্ত প্রদান করতে হবে। তাদের আরও সহায়ক পরিষেবা প্রদান করতে হতে পারে, যেমন একটি চাকুরি পাওয়ার জন্য ব্যক্তিবর্গকে সহায়তা করতে কাজের সাথে সম্পর্কিত পোশাক বা সরঞ্জাম।

কাজের শর্ত থেকে কারা অব্যহতি পাবেন?

নির্দিষ্ট কিছু ব্যক্তিদের চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করতে হয় না, কিন্তু ইচ্ছা হলে করতে পারেন। চাকুরির কার্যকলাপগুলিতে অংশগ্রহণ করা থেকে অব্যহতি পাওয়ার মানদণ্ড স্টেটের আইন ও প্রবিধানে বর্ণিত আছে। ব্যক্তির কাজ করার সক্ষমতা নির্ধারণ করতে ব্যক্তিবর্গকে সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের চিকিৎসা সেবা প্রদানকারীর করা একটি চিকিৎসাগত পরীক্ষা নিরীক্ষায় অংশগ্রহণ করতে হতে পারে। নিম্নলিখিত শর্তাবলীর এক বা একাধিক পূরণ করার জন্য সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্ট দ্বারা নির্ণীত হলে ব্যক্তিবর্গ চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করা থেকে অব্যহতি পেতে পারেন:

- শারীরিক এবং মানসিক অসুস্থতা সহ, এবং চিকিৎসা সংক্রান্ত প্রমাণ দ্বারা কাজ করতে অক্ষম বলে নির্ণীত, অসুস্থ বা আহত;
- 60 বছর বা তার বেশি বয়সী;
- 16 বছরের কম, বা 19 বছরের কম বয়সী এবং একটি মাধ্যমিক, বৃত্তিমূলক, বা কারিগরি স্কুলে পূর্ণ সময়ের জন্য পড়াশুনা করছে;
- পরিবারের একজন অক্ষম সদস্যের পরিচর্যার জন্য বাড়িতে প্রয়োজন;
- গর্ভবতী এবং 30 দিনের মধ্যে সন্তান প্রসব করবেন বলে চিকিৎসকের দ্বারা যাচাইকৃত; অথবা
- তিন মাসের কম বয়সী একটি শিশুর একজন মা এবং বাবা বা দেখভালকারী আত্মীয়, ব্যক্তির জীবনকালে ছাড় 12 মাসের বেশি হবে না।

অর্পিত চাকুরির কার্যকলাপে কেউ অংশগ্রহণ করতে না চাইলে কী হবে?

কর্মক্ষম কোনো ব্যক্তি একটি উপযুক্ত কারণ ছাড়া চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করা প্রত্যাখান করলে তার সাময়িক সহায়তার সুবিধাগুলি কমানো হবে বা বন্ধ করে দেওয়া হবে। এই পদক্ষেপটিকে শাস্তি হিসেবে অভিহিত করা হয়।

শাস্তির মেয়াদ স্টেটের আইন এবং পরিবারের ধরন, না মানার কাজ, এবং না মানার জন্য ব্যক্তিটি আগে কতবার শাস্তি ভোগ করেছেন, তার উপর নির্ভর করে। একটি শাস্তির মেয়াদ শেষ করতে, ব্যক্তিটিকে অবশ্যই চাকরির আবশ্যিকতাগুলির সাথে অনুবর্তিতা প্রদর্শন করতে হবে। ব্যক্তিবর্গকে, শাস্তি এড়াতে, তারা কেন চাকুরির আবশ্যিকতা পূরণ করতে ব্যর্থ হয়েছেন বা প্রত্যাখান করেছেন সে সম্পর্কে ডিস্ট্রিক্টকে তথ্য প্রদান করতে হবে এবং সম্ভব হলে, সময়মতো ডিস্ট্রিক্টের বিজ্ঞপ্তির জবাব দিতে হবে।

এই তথ্যপত্র কর্মসূচির সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে এবং যোগ্যতা নির্ধারণ বা কোনো ব্যক্তি বা পরিবারের জন্য কর্মসূচির আবশ্যিকতা সংজ্ঞায়িত করার উদ্দেশ্যে নয়।